

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, রাজশাহী
www.bkkb.rajshashidiv.gov.bd

নং-০৫.৮১,৮১০০.০০১.০৩.১১৭.১৪ - ৭৬৭

তারিখ: ২০-০৩-২০২৫

বিজ্ঞপ্তি

রাজশাহী বিভাগে কর্মরত সরকারি কর্মকর্তা-কর্মচারীদের দ্বারা গঠিত নিবন্ধিত ক্লাব/কমিউনিটি সেন্টার এর বরাবর দৈনন্দিন কর্মকান্ড পরিচালনার জন্য অত্র কার্যালয় হতে অনুদান দেয়া হয়। ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক অনুদান প্রাপ্তির লক্ষ্যে অত্র বোর্ডের ওয়েব সাইট (www.bkkb.gov.bd) হতে ফরম নং-১২ সংগ্রহপূর্বক নিম্নবর্ণিত তথ্যাদিসহ আগামী ২০-০৪-২০২৫ খ্রি. তারিখের মধ্যে আগ্রহী ক্লাব/কমিউনিটি সেন্টার ও এসোসিয়েশন সমূহের আবেদনপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

- ১। ক্লাবের হালনাগাদ তথ্যাদি, নিবন্ধন সম্পর্কিত তথ্য, নিবন্ধন নম্বর ও সনদ (নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি)।
 - ২। গঠনতন্ত্র, অডিট রিপোর্ট, ব্যয়ের ভাউচার এর সত্যায়িত ফটোকপি
 - ৩। গত বছরের সম্পাদিত কার্যক্রমের খতিয়ান ও হিসাব বিবরণী।
 - ৪। হালনাগাদ অডিট রিপোর্ট(সমাজসেবা অধিদপ্তর অথবা সরকারি অডিট অফিস কর্তৃক রিপোর্ট)।
 - ৫। চলতি বছরের কর্মসূচি।
- ২০-০৪-২০২৫ খ্রি. তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।



(মো: তারেক মাহমুদ)

পরিচালক (চ:দা:)

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

বিভাগীয় কার্যালয়, রাজশাহী।

অনুলিপি:

- ০১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ
- ০২। মহাপরিচালক (সচিব) মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
(মহাপরিচালক মহোদয়ের সদয় অবহতিকরণের জন্য)।
- ০৩। কমিশনার মহোদয়ের একান্ত সচিব, রাজশাহী বিভাগ, রাজশাহী।
(কমিশনার মহোদয়ের সদয় অবহতিকরণের জন্য)।
- ০৪। বিভাগীয় কার্যালয়ের ওয়েবসাইট
- ০৫। অফিস কপি।